



# ছাত্র-শিক্ষক কেন্দ্র

বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল-৮২০০।

মোবাঃ ০১৭৬৩ ৩৬০৯৭৫, Email: Khorshed\_du@yahoo.com



স্মারক নং- বিইউ/টিএসসি/প্রশাসনিক সংক্রান্ত/২০১৮/০৪/০১/৬৩

তারিখ : ১৪ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ  
২৯ ডিসেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

## নোটিশ

**বিষয়: মুজিব জন্মশতবার্ষিকী উদযাপনের অংশ হিসেবে বরিশাল বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের কাছ থেকে প্রবন্ধ ও কবিতা আহ্বান।**

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শ ও দর্শন এবং মুক্তিযুদ্ধের চেতনা তরুণদের মাঝে ছড়িয়ে দেওয়া এবং বঙ্গবন্ধুর আদর্শ ও কর্ম অনুসরণের মাধ্যমে বৈষম্যহীন, সুখী ও সমৃদ্ধ সোনার বাংলা প্রতিষ্ঠার লক্ষে মুজিব জন্মশতবার্ষিকী (মুজিব শতবর্ষ-২০২০) উদযাপনের অংশ হিসেবে বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য মহোদয়ের নির্দেশনায় ও ছাত্র-শিক্ষক কেন্দ্রের উদ্যোগে তরুণদের চিন্তা প্রকাশক 'তারুণ্যের বঙ্গবন্ধু' শীর্ষক একটি বিশেষ সংখ্যা প্রকাশিত হবে। বিশেষ সংখ্যার জন্য বঙ্গবন্ধুর জীবন ও কর্ম, মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা সংগ্রামে বঙ্গবন্ধুর অবিসংবাদী ভূমিকা, ধর্মীয় মূল্যবোধ প্রসঙ্গে বঙ্গবন্ধুর চিন্তা, বঙ্গবন্ধুর সাহিত্য ও ভাষা ভাবনা, বঙ্গবন্ধুর রাজনৈতিক দর্শন, বঙ্গবন্ধুর সমরদর্শন ও প্রতিরক্ষানীতি, বঙ্গবন্ধুর রাষ্ট্র ও সরকার পরিচালনা নীতি, সামাজিক ও অর্থনৈতিক দর্শন প্রসঙ্গে বঙ্গবন্ধুর ভাবনা ইত্যাদি বিষয়গুলোর মধ্যে যেকোন একটি বিষয়ে উপর বরিশাল বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের কাছ থেকে প্রবন্ধ এবং বঙ্গবন্ধুকে নিয়ে মানসম্মত স্বরচিত কবিতা আহ্বান করা হচ্ছে। উল্লিখিত বিষয় সম্পর্কে তরুণ প্রজন্মের প্রতিনিধি হিসেবে শিক্ষার্থীদের কাছ থেকে প্রাপ্ত প্রবন্ধ ও কবিতা থেকে বাছাই করে একটি বিশেষ সংখ্যা "তারুণ্যের বঙ্গবন্ধু" প্রকাশিত হবে।

❖ বাছাইকৃত প্রবন্ধ/কবিতা প্রকাশিত হওয়ার পাশাপাশি সনদপত্র ও সেরা প্রবন্ধ/কবিতার জন্য পুরস্কৃত করা হবে।

### প্রয়োজনীয় নির্দেশিকা :

১. প্রবন্ধ মৌলিক চিন্তানির্ভর ও বিশ্লেষণধর্মী হওয়া বাঞ্ছনীয়।
২. অন্যান্য উৎস থেকে সংগৃহীত তথ্য প্রবন্ধে উদ্ধৃতি চিহ্নের মাধ্যমে চিহ্নিত করে দিতে হবে।
৩. প্রবন্ধ সর্বোচ্চ ৮০০ শব্দের মধ্যে হতে হবে।
৪. প্রবন্ধ/কবিতা পিডিএফ / ওয়ার্ড ফাইল করে ই-মেইলের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে পাঠাতে হবে।
৫. সম্পাদকীয় পর্ষদ কর্তৃক লেখা পরিবর্জন ও পরিবর্ধন সাপেক্ষে প্রকাশিত হবে।

**প্রবন্ধ ও কবিতা জমাদানের শেষ তারিখ: ৩১ জানুয়ারী, ২০২১**

জমাদানের ঠিকানা: ই-মেইল: kaisar\_tanvir@yahoo.com, abusalem213306ziahall@gmail.com

প্রয়োজনে যোগাযোগ: মোহাম্মদ তানভীর কায়ছার

আহ্বায়ক, 'তারুণ্যের বঙ্গবন্ধু' সম্পাদনা ও প্রকাশনা বিষয়ক কমিটি

ও

সহকারী অধ্যাপক, ইংরেজী বিভাগ, বরিশাল বিশ্ববিদ্যালয়।

মোবাইল: ০১৮৭৮৩৩০০১৩

30.12.2020

ড. মোঃ খোরশেদ আলম

সদস্য-সচিব, 'তারুণ্যের বঙ্গবন্ধু' সম্পাদনা ও প্রকাশনা বিষয়ক কমিটি

ও

পরিচালক, ছাত্র-শিক্ষক কেন্দ্র, বরিশাল বিশ্ববিদ্যালয়।